

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
সিরাজগঞ্জ।



জুলাই/১৯ মাসের এপিএ টিমের সভার কার্যবিবরণীঃ-

সভাপতিঃ- মোঃ সাইফুর রহমান, উপ সহকারী পরিচালক, জেলা মৎস্য দপ্তর, সিরাজগঞ্জ।

স্থানঃ- জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, সিরাজগঞ্জ।

তারিখঃ- ০৮/০৭/১৯ খ্রিঃ, সময়ঃ- ১০-০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ


ক্রঃ নং	নাম	পদবী ও কর্মস্থল	স্বাক্ষর
১	মোঃ গোলাম রসুল	উপ-সহকারী প্রকৌশলী, জেলা মৎস্য দপ্তর, সিরাজগঞ্জ	
২	মোঃ শরিফুল আলম	মৎস্য জরীপ কর্মকর্তা, জেলা মৎস্য দপ্তর, সিরাজগঞ্জ	

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর এপিএ চুক্তি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সেখানে উপজেলা মৎস্য কর্মকর্তাদের সাথে জেলা মৎস্য কর্মকর্তা মহোদয়ের সাথে এপিএ চুক্তি বাস্তবতার নিরিখে যাচাই বাছাই করা হয়। নিম্নে উপপরিচালক মহোদয়ের সাথে জেলা মৎস্য কর্মকর্তা মহোদয়ের যে চুক্তি হয় তা উপস্থাপন করা হলো।

ক্রঃ নং	বিবরণ	লক্ষ্যমাত্রা
১	প্রদর্শনী খামার স্থাপন (হেঃ)	৯.৫
২	মৎস্য আবাসস্থল উন্নয়ন (হেঃ)	১৫.০
৩	বিল নার্সারি স্থাপন (হেঃ)	৫.৫
৪	উন্মুক্ত জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ (মে.টন)	৭.০
৫	মৎস্যচাষি, মৎস্যজীবী ও উদ্যোক্তাকে পরামর্শ প্রদান (জন)	২২০০
৬	মৎস্য হ্যাচারি নিবন্ধন ও নবায়ন (টি)	৬
৭	মৎস্য খাদ্য মান পরীক্ষা (সংখ্যা)	২৫
৮	মাছের অভয়াশ্রম স্থাপন ও রক্ষণাবেক্ষণ (টি)	৪
৯	মৎস্যসম্পদ উন্নয়নে আইন বাস্তবায়ন (টি)	২৫০
১০	জলবায়ু সহনশীল মৎস্যচাষ প্রযুক্তির সম্প্রসারণ (টি)	০
১১	বছর ব্যাপী বিশেষ মৎস্য সেবা প্রদান (প্রতি মাসে একটি)	৩৪
১২	মৎস্য আবাসস্থল উন্নয়ন ও ব্যবস্থাপনায় জড়িত সুফলভোগী সম্পৃক্তকরণ (সংখ্যা)	২৫০০
১৩	মৎস্যচাষি, মৎস্যজীবী ও অন্যান্য সুফলভোগীদের প্রশিক্ষণ প্রদান (জন)	৩০০০
১৪	রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণে পরিদর্শন ও পরামর্শ প্রদান (টি)	৭০

- উপরোক্ত লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মক্ষেত্র অনুযায়ী উপযোগীতা মোতাবেক উপজেলাগুলিতে দফাওয়ারী বিভাজন করা হয়েছে। তা বাস্তবায়নের জন্য সকল সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ সচেষ্ট থাকবেন যা জেলা মৎস্য দপ্তরের এপিএ টিম তথ্য সংগ্রহ করে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করবেন।
- এপিএ টিম প্রতি মাসে নিয়মিত একটি করে সভা করার বিষয়ে আলোচনা হয় এবং সভা করার বিষয়ে সিদ্ধান্ত নেয়া হয়।
- এপিএ টিম নিয়মিত উপজেলা মৎস্য দপ্তরের সাথে যোগাযোগ ও সমন্বয় করে অগ্রগতি জানবেন এবং অগ্রগতি সাধনের বিষয়ে আলোচনা করবেন মর্মে সিদ্ধান্ত নেয়া হয়।
- প্রতি তিন মাস অন্তর ত্রৈমাসিক রিপোর্ট ও প্রমাণক সংগ্রহ করে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার বিষয়ে সিদ্ধান্ত নেয়া হয়।
- এপিএ টিম প্রতি মাসে নিয়মিত ভাবে তথ্য সংগ্রহ করে ওয়েব পোর্টালে আপলোড করবেন।
- এপিএ সংক্রান্ত তথ্যাদি ওয়েবসাইটে হালনাগাত করা হবে মর্মে সিদ্ধান্ত নেয়া হয়।


সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


০৮/০৭/১৯

(মোঃ সাইফুর রহমান)

উপ সহকারী পরিচালক ও টিম লিডার(এপিএ টিম)
জেলা মৎস্য দপ্তর, সিরাজগঞ্জ।

সদয় অবগতি ও অনুমোদনের জন্য জেলা মৎস্য কর্মকর্তা, সিরাজগঞ্জ মহোদয়ের নিকট প্রেরণ করা হলোঃ


০৮/০৭/১৯

উপ সহকারী পরিচালক ও টিম লিডার(এপিএ টিম)
জেলা মৎস্য দপ্তর, সিরাজগঞ্জ।

পত্র নং ৩৩.০২.৮৮০০.৪০০.১৯.২৪৫.১৯.৪৩৮/১(১)

তারিখঃ ০৮/০৭/২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
২. অফিস নথি।


(মোঃ সাহেদ আলী)

জেলা মৎস্য কর্মকর্তা
সিরাজগঞ্জ।

টেলিঃ ০৭৫১-৬২১৩৭

dfosirajgani@fisheries.gov.bd